মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

বং ৫৬০(চ১)/নরসিংদী/১১২৪ তারিখ ৭/৫/৮৫

প্রাপক ঃ প্রধান শিক্ষক/শিক্ষিকা,

প্রস্তাবিত বালুসাইর উচ্চ বিদ্যালয়/উচ্চ/মাদ্রাসা/বালিকা বিদ্যালয়,

ডাকঘর বালুসাইর, উপ-জেলা নরসিংদী, জেলা নরসিংদী।

বিষয় ঃ নবম শ্রেণী খোলার অনুমতি।

এতদ্বারা বিদ্যালয় কর্তৃপক্ষকে জানানো যাচ্ছে যে বোর্ড উক্ত বিদ্যালয়ে আরোপিত শর্তাবলী পূরণ সাপেক্ষে নিম্নবর্ণিত বিষয়সমূহ পড়ানোর অনুমোদনক্রমে ১-১-৮৫ তারিখ থেকে অস্থায়ীভাবে নবম শ্রেণী খোলার অনুমতি দান করলেন।

আবশ্যিক বিষয়সমূহ ঃ— (ক) বাংলা, (খ) ইংরেজী, (গ) গণিত ও (ঘ) ভূগোল।

নৈর্বাচনিক বিষয়সমূহ {
প্রথম গ্রুপ (২) (ক) সাধারণ বিজ্ঞান ও (খ) সমাজ বিজ্ঞান।
দ্বিতীয় গ্রুপ (৩) (ক) ইসলাম ধর্ম, (খ) আরবী, (গ) হিন্দু ধর্ম, (ঘ) উচ্চতর গণিত (ঙ) ব্যবসা পদ্ধতি ও পাণিজ্য লিপি, (চ) বাণিজ্যিক গণিত ও হিসাব রক্ষণ, (ছ) বাণিজ্যিক ভূগোল ও (জ) সংস্কৃত।
}

শর্তসমূহ ঃ

১। নবম শ্রেণীর অনুমতিকে একাডেমীক স্বীকৃতি বলিয়া গণ্য করিতে হইবে। ইহার ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাইবে না।

* ২। এই চিঠি ইস্যুর তারিখ হইতে নবম/৮৫ ও ৮৬ সনের ছাত্র/ছাত্রীদের রেজিঃ ফরম ও ফি ১৫ (পনের) দিনের মধ্যে বোর্ডে জমা করিতে হইবে।

* ৩। এই চিঠি ইস্যুর তারিখ থেকে ১(এক) মাসের মধ্যে এডহক কমিটি গঠন করিতে হইবে।

৪। প্রথম স্বীকৃতির পূর্বে বিদ্যালয় ক্যাম্পাসে নিজস্ব জমি ১.৫০ শতাংশে উন্নীত করিতে হইবে।

৫। অবিলম্বে একজন বি,এস,সি এবং বি,সি,এড শিক্ষক নিয়োগ করিয়া যোগদান পত্রসহ সনদ পত্র অত্র অফিসে দাখিল করিতে হইবে।

৬। বিদ্যালয়ে বাৎসরিক আয় ৫০,০০০/-টাকায় উন্নীত করিতে হইবে।

৭। নিয়মিত অডিট করাইয়া অডিট রিপোর্ট কমিটির চেয়ারম্যানের প্রতিস্বাক্ষরসহ অত্র অফিসে পাঠাইতে হইবে।

৮। শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষনে পাঠাইতে হইবে।

৯। দুই হাজার টাকার বই ক্রয় করিয়া বিদ্যালয়ের পাঠাগারের উন্নতি সাধন করিতে হইবে।

১০। খেলাধুলা ও বীথিকা অর্জনের কার্যক্রমে ছাত্র/ছাত্রীদের উৎসাহ দিতে হইবে।

১১। ছাত্র সংখ্যা, উপস্থিতি ও শ্রেণী শিক্ষার মান সন্তোষজনক পর্যায়ে উন্নীত করিতে হইবে।

১২। ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক পৃথক পাকা শৌচাগার তৈয়ার করিতে হইবে।

১৩। বিদ্যালয় গৃহের টিটি ও মেঝে পাকা করিতে হইবে।

১৪। বিদ্যালয়ে আরো ৩ টি কামরা বাড়াইতে হইবে।